

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪২৫

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/৪৮. সঠিকভাবে উযু করা এবং তাতে সীমাতিরিক্ত কিছু করা মাকরহ।

بَابِ مَا جَاءَ فِي الْقَصْدِ فِي الْوُضُوءِ وَكَرَاهَةِ التَّعَدِّي فِيهِ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا ابْنُ لَهِيعَةَ، عَنْ حُيَىِّ بْنِ عَبْدِ اللَّهِ الْمَعَافِرِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ مَرَّ بِسَعْدٍ وَهُوَ يَتَوَضَّأُ فَقَالَ " مَا هَذَا السَّرَفُ " . فَقَالَ أَفِي الْوُضُوءِ إِسْرَافٌ قَالَ " نَعَمْ وَإِنْ كُنْتَ عَلَى نَهَرٍ جَارٍ " .

#### বাংলা

৫/৪২৫। আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সা'দ (রাঃ)-কে অতিক্রম করে যাচ্ছিলেন, তখন তিনি উযূ (ওজু/অজু/অযু) করছিলেন। তিনি বলেনঃ এই অপচয় কেন? সা'দ(রাঃ) বলেন, উযূতেও কি অপচয় আছে? তিনি বলেনঃ হ্যাঁ যদিও তুমি প্রবহমান নদীতে থাকো।

### **English**

It was narrated from 'Abdullah bin 'Amr that:

The Messenger of Allah passed by Sa'd when he was performing ablution, and he said: 'What is this extravagance?' He said: 'Can there be any extravagance in ablution?' He said: 'Yes, even if you are on the bank of a flowing river.'"

## ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আহমাদ ৭০২৫

তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: ইরওয়া ১৪০ যঈফ, মিশকাত ৪২৭ যঈফ। উক্ত হাদিসের রাবী ১. ইবনু লাহীআহ সম্পর্কে আমর বিন ফাল্লাস বলেন, তার কিতাবসমূহ পুড়ে যাওয়ার পর হাদিস বর্ণনায় দুর্বল



ছিলেন। আহমাদ বিন হাম্বল বলেন, তার পুরাতন হাদিসগুলো সহিহ। ২. হুইয়ার বিন আবদুল্লাহ আল-মুআফিরী সম্পর্কে ইমাম নাসাই বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নন। ইমাম বুখারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি একাধিক হাদিস মুনকারভাবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন